



তথ্যবিবরণী

নম্বর-২৮৭

রাজশাহীতে তথ্য অধিকার আইন ২০০৯ বিষয়ক অবহিতকরণ সভা

রাজশাহী; ২০ জ্যৈষ্ঠ (০৩ জুন):

আজ সোমবার (০৩ জুন) সকালে রাজশাহী মালোপাড়াস্থ জাতীয় মহিলা সংস্থার প্রশিক্ষণ কেন্দ্রের সম্মেলন কক্ষে রাজশাহী আঞ্চলিক তথ্য অফিস (পিআইডি) তথ্য অধিকার আইনের বিধি-বিধান সম্পর্কিত অবহিতকরণ সভার আয়োজন করে। সভায় জাতীয় মহিলা সংস্থায় বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ গ্রহণকারী যুব মহিলারা অংশগ্রহণ করেন।

অবহিতকরণ সভায় রাজশাহী পিআইডির উপপ্রধান তথ্য অফিসার মো: তৌহিদুজ্জামান তথ্য অধিকার আইনের বিধি-বিধান বিষয়ে বিশদভাবে আলোচনা করেন।

পরে অংশগ্রহণকারীদের তথ্য অধিকার আইন বিষয়ক বিভিন্ন প্রশ্নের জবাব প্রদান করেন।

জাতীয় মহিলা সংস্থা রাজশাহীর চেয়ারম্যান মর্জিনা পারভীন সভায় বক্তৃতা করেন। অন্যান্যের মধ্যে পিআইডির সিনিয়র তথ্য অফিসার মো: আতিকুর রহমান শাহ, তথ্য অফিসার মো: আরিফ হোসাইন, জাতীয় মহিলা সংস্থার জেলা কর্মকর্তা মো. ফিরোজুল ইসলাম এবং প্রশিক্ষণ কেন্দ্রের প্রশিক্ষকগণ উপস্থিত ছিলেন।

.....

তৌহিদ/আতিক/আরিফ/রুহুল/২০২৪/১৫.১০